



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/3/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো শিশু নির্যাতন আইনের জন্য লুক ব্যাক উইন্ডো সম্প্রসারণ করার আইনে স্বাক্ষর করেছেন

শিশু নির্যাতনের আইন সংক্রান্ত দাবি এখন 14 আগস্ট, 2021 পর্যন্ত দাখিল করা যাবে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ (S7082/A9036) আইনে স্বাক্ষর করেছেন যা শিশু নির্যাতন আইনের অধীনে ভুক্তভোগীদের জন্য দাবি দাখিল করার লুক ব্যাক উইন্ডো প্রসারিত করে, সেই কথিত নির্যাতন কখন বা কতদিন আগে সংঘটিত হয়েছিল তার নির্বিশেষে। গত বছর কার্যকর হওয়ার পর থেকে শিশু নির্যাতন আইন হাজার হাজার ভুক্তভোগীদের জন্য ন্যায়বিচারের একটি পথ প্রদান করেছে। COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার কারণে 8 মে গভর্নর কুওমো সময়সীমা 14 জানুয়ারী 2021 পর্যন্ত বাড়ানোর জন্য একটি নির্বাহী আদেশ জারি করেন। আজ স্বাক্ষরিত এই আইনে বিশেষ আবেদনের সময়সীমা একটি পূর্ণ বছর পর্যন্ত বাড়ানো হয়েছে এবং দাবি এখন শিশু নির্যাতন আইনের অধীনে 14 আগস্ট 2021 পর্যন্ত দাখিল করা যাবে।

"শিশু নির্যাতন আইন নির্যাতিত ব্যক্তিদের ন্যায়বিচারের জন্য একটি দীর্ঘ প্রয়োজনীয় পথ নিয়ে এসেছে, এবং বহুকাল ধরে অস্বীকৃত শাস্তি না পাওয়া অন্যায়ে প্রতিকার করতে সাহায্য করে এবং আমরা এই বিশ্বব্যাপী মহামারীর কারণে ভুক্তভোগীদের আদালতে ন্যায়বিচার পাওয়ার জন্য তাদের ক্ষমতা সীমিত করতে দিতে পারি না," **গভর্নর কুওমো বলেন।** "যখন নিউ ইয়র্ক পুনরায় খুলছে এবং জনস্বাস্থ্য সংকট থেকে সুস্থ হয়ে উঠছে, লুক ব্যাক উইন্ডো সম্প্রসারণ করা সঠিক কাজ এবং নিপীড়নকারী এবং যারা তাদের সক্রিয় করেছে তাদের দায়বদ্ধ করা নিশ্চিত করতে সাহায্য করবে।"

সিনেটর ব্র্যাড হমেলম্যান বলেন, "শিশু নির্যাতন আইন 3,000 এরও বেশী সাহসী ভুক্তভোগীদের ন্যায়বিচারের জন্য এগিয়ে আসতে দিয়েছে। তা সত্ত্বেও এটা পরিষ্কার যে অনেক নিউ ইয়র্কবাসী যারা শিশু যৌন নির্যাতনের শিকার হয়েছেন তারা এগিয়ে আসেননি - বিশেষ করে COVID-19 সংকটের সময় যা আমাদের আদালত এবং অর্থনীতিকে ওলট পালট করে দিয়েছে। আমি গভর্নর কুওমোর কাছে অত্যন্ত কৃতজ্ঞ শিশু শিকার আইনের মেয়াদ এক বছর বাড়ানোর আইনে স্বাক্ষর করার জন্য এবং সিনেট নেতা আন্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিনকে তার নেতৃত্বের জন্য ভুক্তভোগীদের অধিকারকে অগ্রাধিকার দেওয়ার জন্য, এবং তার সাথে সংসদের পৃষ্ঠপোষক লিন্ডা বি. রসেন্বালের প্রতিও। সব চেয়ে বড় কথা, এটি শিশু যৌন নির্যাতনের নিষ্ঠুর শিকারদের কৃতিত্ব, যারা সাহসের সাথে তাদের

ব্যক্তিগত কাহিনী শেয়ার করেছেন যাতে আরো নিউ ইয়র্কবাসী তাদের নিপীড়নকারীদের এবং তাদের লালন করেছে যে প্রতিষ্ঠানগুলি তাদের দায়বদ্ধ করার সুযোগ পাবে।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন, "শৈশবের যৌন নির্যাতনের শিকার ব্যক্তির এখন স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারেন শিশু নির্যাতন আইনের লুকবাক উইল্ডো আরো এক বছরের জন্য বাড়ানোর ফলে। দীর্ঘ 13 বছর ধরে এই আইন পাসের জন্য লড়াই করার পর অনেকে এই ভয় করেন যে COVID-19 বিশ্বব্যাপী মহামারী এবং আদালত বন্ধ হয়ে যাওয়ার মানে হচ্ছে যে তাদের ন্যায়বিচার চাওয়ার সুযোগের সময় শেষ হয়ে গেছে। আমি গভর্নরকে ধন্যবাদ জানাই স্বাক্ষর করে এই বিলটি আইনে পরিণত করার জন্য, যাতে করে যারা তাদের বিরুদ্ধে জঘন্য নির্যাতনের প্রতিকার চায় তাদের কাছে 14 আগস্ট 2021 পর্যন্ত সময় থাকবে।"

গত বছর গভর্নর কুওমো [শিশু নির্যাতন আইনে স্বাক্ষর](#) করেন যাতে শৈশবের যৌন নির্যাতনের শিকার ব্যক্তিদের ন্যায়বিচারের পথ থাকে, যার মধ্যে রয়েছে এমন একটি মামলা দায়ের করার ক্ষমতা যা ইতিমধ্যে সময়সীমা কারণে নিষিদ্ধ করা হয়েছে অথবা এক বছরের জন্য যার মেয়াদ উত্তীর্ণ হয়েছে। মেয়াদ উত্তীর্ণ বা সময়সীমা নিষিদ্ধ মামলা দায়ের করার জন্য যে উইল্ডোটি 14 আগস্ট 2020 তারিখে বন্ধ হওয়ার কথা ছিল, কিন্তু 8মের নির্বাহী আদেশের মাধ্যমে তা জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে।

নির্যাতিত শিশু আইন (Child Victims Act) পাশ করা:

- সময়ের পরিমাণ বৃদ্ধি করে যে সময়ে এই অপরাধ সংঘটনকারীদের ফৌজদারিভাবে দায়বদ্ধ রাখা যেতে পারে;
- এই অপরাধগুলির শিকার ব্যক্তিদের তারা 55 বছর বয়সে পৌঁছাবার আগে যে কোনো সময় একটি দেওয়ানি মামলা শুরু করার সুযোগ দেয়;
- যে সকল ভুক্তভোগীরা সরকারী এবং বেসরকারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে চান পূর্বের সময়সীমার কারণে নিষিদ্ধ দাবিগুলির জন্য, তাদের জন্য আদালতে ন্যায়বিচার পাওয়ার এক বছরের সময়কাল প্রদান করা হয়েছিল, যা এখন দুই বছর করা হল, যাতে তারা তাদের দেওয়ানি মামলা শুরু করতে পারেন;
- নাবালকের বিরুদ্ধে সংঘটিত যৌন অপরাধের জন্য একটি দাবির বিপ্লবিত দায়ের করার প্রয়োজন অপসারণ করে;
- যে সব অপরাধের সাথে নাবালকদের যৌন নিগ্রহ জড়িত সেগুলির জন্য বিচারিক প্রশিক্ষণ আবশ্যিক করে;
- পুনরুজ্জীবিত মামলাগুলির সমন্বিত বিচারের জন্য আদালত প্রশাসনের দপ্তরকে (Office of Court Administration) বিধি-বিধান ঘোষণা করার অনুমোদন দেয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)